

উচ্চশিক্ষা

১২ দিনের ছুটি শেষ, খুলেছে নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানগুলো

নিজস্ব প্রতিবেদক ঢাকা

আপডেট: ০৮ অক্টোবর ২০২৫, ০৮: ১৫



ছবি: প্রথম আলো

শারদীয় দুর্গাপূজা উপলক্ষে টানা ১২ দিনের ছুটি শেষে সরকারি নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানগুলো আজ বুধবার থেকে খুলেছে। ছুটি শেষে প্রাথমিক বিদ্যালয় আগেই খুলেছে।

শিক্ষা মন্ত্রণালয়ের বার্ষিক ছুটির তালিকা থেকে জানা গেছে, শারদীয় দুর্গাপূজা উপলক্ষে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোয় গত ২৮ সেপ্টেম্বর থেকে ছুটি শুরু হয়। এ ছুটি চলে গতকাল মঙ্গলবার (৭ অক্টোবর) পর্যন্ত। ছুটি ছিল টানা ১২ দিন। এর মধ্যে সাপ্তাহিক ছুটি আছে দুই দিন। দেশের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্কুলগুলো এই ছুটির আওতায়। ৬ অক্টোবর লক্ষ্মীপূজা থাকায় এদিনও ঐচ্ছিক ছুটি পান বিদ্যালয়-কলেজের শিক্ষকেরা।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী, সরকারি ও বেসরকারি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়গুলো মোট ১২ দিন বন্ধ ছিল। এ সময় দুর্গাপূজার পাশাপাশি ফাতেহা-ই-ইয়াজ দাহম, প্রবারণা পূর্ণিমা ও শ্রীশ্রী লক্ষ্মীপূজার ছুটিও অন্তর্ভুক্ত ছিল।

১২ দিন পরীক্ষা না রাখতে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা

গত ২৮ সেপ্টেম্বর থেকে ৯ অক্টোবর পর্যন্ত শিক্ষাপ্রতিষ্ঠানে কোনো পরীক্ষার দিন ধার্য না করার নির্দেশনা দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। শারদীয় দুর্গাপূজা, ফাতেহা-ই-ইয়াজদাহম, প্রবারণা পূর্ণিমা সহ একাধিক ধর্মীয় অনুষ্ঠান উপলক্ষে এ নির্দেশনা দিয়েছে মন্ত্রণালয়। ২৪ সেপ্টেম্বর মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের এক অফিস আদেশে এ নির্দেশনা দেওয়া হয়।

